



Government of Nepal
Department of Hydrology
and Meteorology



সতর্কবার্তাঃ ০৭

২১-২৭ ফেব্রুয়ারী ২০২২

বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/রাস্ট রোগের পরামর্শ

মূলবার্তা

বাংলাদেশের গম আবাদ অঞ্চল সমূহের মাঠে গমের পাতার মরিচা রোগের প্রাদুর্ভাব পরিলক্ষিত হচ্ছে। তবে এখন পর্যন্ত এই রোগের সংক্রমণ খুবই সামান্য।

পরামর্শ

বাংলাদেশে গম আবাদ অঞ্চল সমূহের সব জেলায় গমের পাতার মরিচা রোগের লক্ষণ দেখা যাচ্ছে তবে এখন পর্যন্ত এই রোগের প্রকোপ খুবই সামান্য। তবে বর্তমান আবহাওয়ায় বাংলাদেশের গম আবাদ অঞ্চল সমূহে এই রোগের সংক্রমণের ঝুঁকি মাঝারী থেকে উচ্চ পর্যায়ে রয়েছে। ফেব্রুয়ারির শেষ সপ্তাহে বাংলাদেশের কোনো কোনো স্থানে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে যার ফলে গমের পাতার মরিচা রোগের বিস্তার বাড়তে পারে।

সুপারিশ

কৃষকের মাঠে গমের পাতার মরিচা রোগ দেখা গেলে এবং সংবেদনশীল জাত (যেমনঃ বারি গম ২৪, বারি গম ২৬) হলে এই রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।